

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০

www.bb.org.bd

১২ আশ্বিন ১৪২৫

তারিখঃ -----

২৭ সেপ্টেম্বর ২০১৮

এফই সার্কুলার নং- ২৭

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল

অনুমোদিত ডিলার ব্যাংক

প্রিয় মহোদয়,

Active Pharmaceuticals Ingredients (API) রপ্তানির বিপরীতে ভর্তুকি প্রদান প্রসংগে।

Active Pharmaceuticals Ingredients (API) রপ্তানির বিপরীতে ভর্তুকি পরিশোধের বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ১৬, তারিখ ১০ জুন ২০১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী উল্লিখিত এফই সার্কুলারের ৫(ক) অনুচ্ছেদ আংশিক সংশোধনপূর্বক জানানো যাচ্ছে যে, আলোচ্য খাতের রপ্তানির বিপরীতে ভর্তুকির আবেদনপত্রের সাথে Bangladesh API & Intermediaries Manufacturers Association এর পরিবর্তে রপ্তানি উন্নয়ন ব্যুরো'র সনদপত্র দাখিল করতে হবে। এতদপ্রেক্ষিতে এফই সার্কুলার নং ১৬, তারিখ ১০ জুন ২০১৮ এর সাথে সংযুক্ত ফরম - 'খ' এ প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে, যা এতদসংগে সংযোজন করা হ'ল।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ হারুন-অর-রশিদ)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৬২৫

রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রদেয় প্রত্যয়ন সনদপত্রActive Pharmaceuticals Ingredients (API) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

- ১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা :
- ২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর : তারিখ : মূল্য :
- ৩। বিদেশী ক্রেতার নাম ও ঠিকানা :
- ৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :
- ৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :
(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ : মূল্য :
- ৬। রপ্তানিকৃত পণ্য উৎপাদনে স্থানীয় উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :
পরিমাণ : মূল্য :
- ৭। রপ্তানিকৃত পণ্য প্রক্রিয়াকরণে ব্যবহৃত আমদানিকৃত আনুষঙ্গিক উপকরণাদির সংগ্রহ সূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :
পরিমাণ : মূল্য :
- ৮। রপ্তানি পণ্যের বিবরণ : পরিমাণ : মূল্য :
- ৯। জাহাজীকরণের তারিখ : গন্তব্য বন্দর :
- ১০। ইএক্সপি নম্বর : মূল্য : তারিখ :
- ১১। মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) : নীট এফওবি রপ্তানি মূল্য (বৈদেশিক মুদ্রায়) :
- ১২। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র নম্বর : তারিখ :

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, আমাদের নিজস্ব কারখানায় উৎপাদিত Active Pharmaceuticals Ingredients (API) উপরোক্ত ৬ ও ৭ নং ক্রমিকে বর্ণিত সূত্র হতে উপকরণাদি সংগ্রহের মাধ্যমে রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকির জন্য উপরোক্ত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষণার যথার্থতা যাচাইয়াস্তে সঠিক পাওয়া গিয়েছে। ৮ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সংগতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়েছে। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর রপ্তানি ভর্তুকি পরিশোধের সুপারিশ করা হলো।

রপ্তানি উন্নয়ন ব্যুরো'র দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোন প্রকার ঘষামাজা, কাটা ছেঁড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]